



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২০১৭

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ময়মনসিংহ-৩৪৬/৬২৯/৪

তারিখ : ২৪ / ১০ / ২০১৬খ্রিঃ

বিষয় : অনুমোদিত গভার্ণিং বডি ভেঙ্গে দেয়া প্রসঙ্গে।

সূত্র : নং- বামাশিবো/প্রশা/ময়মনসিংহ-৩৪৬/৩৬২/৭; তারিখঃ ১১/০৪/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলাধীন বৈরাটি আলিম মাদরাসার গভার্ণিং বডি বাতিলের জন্য জনৈক মুহম্মদ আব্দুর রউফ একখানা আবেদনপত্র বোর্ডে দাখিল করেন। আবেদনপত্রে গভার্ণিং বডি গঠনের ক্ষেত্রে বিভিন্ন অনিয়মের বিষয় উল্লেখ করা হয়।

২) উত্থাপিত অভিযোগের প্রেক্ষিতে এ দপ্তর হতে অনুমোদিত গভার্ণিং বডি কেন ভেঙ্গে দেয়া হবে না মর্মে সূত্রে উল্লিখিত স্মারকে মাদরাসার ম্যানেজিং কমিটির সভাপতি ও ভারপ্রাপ্ত অধ্যক্ষকে কারণ দর্শানো হয়। উক্ত কারণ দর্শানোর প্রেক্ষিতে ম্যানেজিং কমিটির সভাপতি ও ভারপ্রাপ্ত অধ্যক্ষ যে জবাব দাখিল করেছেন, তা সন্তোষজনক নয়। ইতোপূর্বে উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন যে, গভার্ণিং বডি গঠনে বিদ্যমান বিধি-বিধান পরিপূর্ণভাবে অনুসরণ করা হয়নি। তবে বিজ্ঞ আদালতে মামলা বিচারাধীন থাকায় তিনি কোন মতামত প্রদান করেননি। মাদরাসা সংশ্লিষ্ট নথিটি পর্যালোচনায় দেখা যায়, বর্তমানে কোন মামলা আদালতে বিচারাধীন নেই।

বর্ণিত অবস্থায় বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ সাল পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/১০১১/৪/নথি নং-ময়মনসিংহ-৩৪৬; তারিখঃ ০৩/১১/২০১৫খ্রিঃ স্মারকে অনুমোদিত গভার্ণিং বডি এতদ্বারা ভেঙ্গে দেয়া হলো।

প্রফেসর এ. কে. এম. ছায়েক উল্লাহ

চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)

ও রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৫৮৬১০২১৬

প্রাপকঃ অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ

বৈরাটি আলিম মাদরাসা, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।

নং- বামাশিবো/প্রশা/ ময়মনসিংহ-৩৪৬/

তারিখ : / / ২০১৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২. উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
৩. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৪. সভাপতি/সদস্যবৃন্দ, ভেঙ্গে দেয়া গভার্ণিং বডি, বৈরাটি আলিম মাদরাসা, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
৫. জনাব মুহম্মদ আব্দুর রউফ, বৈরাটি আলিম মাদরাসা, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৭৪৮৭৪